36870 - ফরজ তাওয়াফকে বিলম্বে বিদায়ী তাওয়াফের সাথে আদায় করা

প্রশ্ন

আমার জন্যে কি ফরজ তাওয়াফ আদায়ে বিলম্ব করা জায়েয হবে? যাতে করে এক তাওয়াফের মাধ্যমে ফরজ তাওয়াফ ও বিদায়ী তাওয়াফ দুটোই আদায় হয়ে যায়। এরপর আমি মক্কা থেকে সফর করতে পারি।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

হ্যাঁ; ফরজ তাওয়াফকে বিলম্বে আদায় করা এবং একটি মাত্র তাওয়াফকে ফরজ তাওয়াফ ও বিদায়ী হিসেবে আদায় করা জায়েয। যদিও উত্তম হচ্ছে- ফরজ তাওয়াফ ও বিদায়ী তাওয়াফের জন্য দুইটি তাওয়াফ করা।

এর চেয়ে পরিপূর্ণ পদ্ধতি হচ্ছে- ঈদের দিন জমরাতে আকাবাতে কংকর নিক্ষেপ, হাদি জবাই, মাথার চুল মুণ্ডন কিংবা খাটো করার পর ফরজ তাওয়াফ আদায় করা। পরবর্তীতে যখন মক্কা থেকে বিদায় নেয়ার নিয়ত করবে তখন বিদায়ী তাওয়াফ আদায় করা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এভাবেই করেছেন।

শাইখ বিন বায (রহঃ) কে এ মাসয়ালা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন:

এতে কোন অসুবিধা নেই। যদি কোন ব্যক্তি ফরজ তাওয়াফকে বিলম্বে আদায় করতে চান এবং জমরাতে কংকর নিক্ষেপ ও হজ্জের সকল কাজ শেষ করার পর মক্কা থেকে চলে আসার প্রাক্কালে ফরজ তাওয়াফ আদায় করেন তাহলে এ তাওয়াফ বিদায়ী তাওয়াফ হিসেবেও যথেষ্ট হবে। আর যদি ফরজ তাওয়াফ ও বিদায়ী তাওয়াফ হিসেবে দুইটি তাওয়াফ আদায় করেন সেটা আরও ভাল। তবে তিনি যদি একটি তাওয়াফ করেন এবং এর দ্বারা হজ্জের তাওয়াফের নিয়ত করেন তাহলে সেটা যথেষ্ট হবে।[বিন বাযের ফতোয়াসমগ্র (১৭/৩৩২)]

আল্লাহই ভাল জানেন।